

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৩০, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ অগ্রহায়ণ ১৪৩০/ ৩০ নভেম্বর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.২৮৭—গত ১৫ নভেম্বর ২০২৩ তারিখে ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদ লাভের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ভোটদানের জন্য মোট ১৮১টি দেশের মধ্য থেকে ১৪৪টি দেশের সমর্থন পেয়ে বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদে জয়লাভ করে। বাংলাদেশ ১৯৭২ সালে ইউনেস্কোর সদস্যপদ লাভের পর এ পর্যন্ত অষ্টমবারের মতো ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হলো। উল্লেখ্য, ২০০৯ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত বাংলাদেশ নিরবচ্ছিন্নভাবে নির্বাহী বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছে। ইউনেস্কোর নীতিনির্ধারণী ও কর্মপরিকল্পনা গ্রহণকারী সর্বোচ্চ কর্তৃপক্ষ ইউনেস্কো নির্বাহী বোর্ড। যার সদস্য ৫৮টি দেশ। শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি, মানবিক ও সামাজিক বিজ্ঞান এবং যোগাযোগ ও তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে ইউনেস্কো কর্তৃক বিশ্বব্যাপী গৃহীত কর্মসূচি চূড়ান্ত করে এ বোর্ড।

০২। জনগণের জীবনমান উন্নয়ন ও দেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের কার্যকর ভূমিকা, গৃহীত কার্যক্রমের সাফল্য এবং সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থার কারণে মর্যাদাপূর্ণ ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচনে বাংলাদেশ বিপুল ভোটে জয়ী হতে পেরেছে এবং এ বিজয় অর্জনের মধ্য দিয়ে বাংলাদেশ জাতিসংঘের অন্যতম গুরুত্বপূর্ণ ফোরাম অর্থনৈতিক ও সামাজিক পরিষদে সুদৃঢ় অবস্থান নিশ্চিত করল। এ নির্বাচনে বিজয়ের মাধ্যমে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদে বাংলাদেশ আরও কার্যকর অবদান রাখার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে স্বীয় অবস্থান সুসংহত করেছে। জাতিসংঘের অন্যতম গুরুত্বপূর্ণ ফোরামের সদস্য নির্বাচিত হওয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অগ্রযাত্রার অন্যতম স্বীকৃতি।

(১৮০৭৫)

মূল্য : টাকা ৪.০০

০৩। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও প্রাজ্ঞ নেতৃত্বের কারণে ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদে বিপুল ভোটে নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১২ অগ্রহায়ণ ১৪৩০/ ২৭ নভেম্বর ২০২৩ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১২ অগ্রহায়ণ ১৪৩০
ঢাকা: ২৭ নভেম্বর ২০২৩

গত ১৫ নভেম্বর ২০২৩ তারিখে ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদ লাভের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ভোটদানের জন্য মোট ১৮১টি দেশের মধ্য থেকে ১৪৪টি দেশের সমর্থন পেয়ে বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদে জয়লাভ করে। বাংলাদেশ ১৯৭২ সালে ইউনেস্কোর সদস্যপদ লাভের পর এ পর্যন্ত অষ্টমবারের মতো ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচিত হলো। উল্লেখ্য, ২০০৯ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে নির্বাহী বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছে। উল্লেখ্য, এ নির্বাচনে বাংলাদেশ গ্রুপ-৪ অর্থাৎ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল হতে প্রতিদ্বন্দ্বিতা করে। বাংলাদেশ ব্যতীত এ গ্রুপ হতে আরও ৮টি দেশ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। দেশসমূহ যথাক্রমে আফগানিস্তান, অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া, ইরান, কিরগিজস্তান, পাকিস্তান, দক্ষিণ কোরিয়া এবং শ্রীলংকা। ইউনেস্কোর নীতিনির্ধারণী ও কর্মপরিকল্পনা গ্রহণকারী সর্বোচ্চ কর্তৃপক্ষ ইউনেস্কো নির্বাহী বোর্ড। যার সদস্য ৫৮টি দেশ। শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি, মানবিক ও সামাজিক বিজ্ঞান এবং যোগাযোগ ও তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে ইউনেস্কো কর্তৃক বিশ্বব্যাপী গৃহীত কর্মসূচি চূড়ান্ত করে এ বোর্ড। বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদে জয়লাভ করা ছাড়াও ইন্টারন্যাশনাল কো-অর্ডিনেটিং কাউন্সিল ফর দ্যা ম্যান অ্যান্ড বায়োস্ফিয়ার এবং ইন্টারগভর্নেন্টাল বায়োস্ফিয়ার কমিটিতেও নির্বাচিত হয়েছে।

জনগণের জীবনমান উন্নয়ন ও দেশের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের কার্যকর ভূমিকা, গৃহীত কার্যক্রমের সাফল্য এবং সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থার কারণে মর্যাদাপূর্ণ ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্য নির্বাচনে বাংলাদেশ বিপুল ভোটে জয়ী হতে পেরেছে মর্মে মন্ত্রিসভা অভিমত ব্যক্ত করে।

এ বিজয় অর্জনের মধ্য দিয়ে বাংলাদেশ জাতিসংঘের অন্যতম গুরুত্বপূর্ণ ফোরাম অর্থনৈতিক ও সামাজিক পরিষদে সুদৃঢ় অবস্থান নিশ্চিত করল। এ নির্বাচনে বিজয়ের মাধ্যমে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদে বাংলাদেশ আরও কার্যকর অবদান রাখার মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে স্বীয় অবস্থান সুসংহত করেছে। জাতিসংঘের অন্যতম গুরুত্বপূর্ণ ফোরামের সদস্য নির্বাচিত হওয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের অগ্রযাত্রার অন্যতম স্বীকৃতি।

এ সম্মান সমগ্র বাঙালি জাতির ও বাংলাদেশের। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও প্রাজ্ঞ নেতৃত্বের কারণে এ অর্জন সম্ভব হয়েছে। এ প্রেক্ষাপটে ইউনেস্কো নির্বাহী বোর্ডের সদস্যপদে বিপুল ভোটে নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd